সেপ্টেম্বর/২০২১ মাসের উন্নয়ন ও সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময় : ৩০, সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ সকাল-১০.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাড়াইল
সভাপতি : জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ

সভায় উপস্থিত সদস্যগণের বিবরণ-পরিশিষ্ট "ক" তে প্রদর্শিত হলো

সভাপতি উপস্থিতউপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সম্মানিত উপদেষ্টা, মাননীয় জাতীয় সংসদ সদস্য কিশোরগঞ্জ-৩ (তাড়াইল-করিমগঞ্জ), জনাব মোঃ মুজিবুল হক চুন্নু মহোদয়ের অনুমতি নিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই সভায় উপস্থিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সম্মানিত উপদেষ্টা, মাননীয় জাতীয় সংসদ সদস্য, জনাব মোঃ মুজিবুল হক চুন্নু মহোদয়কে শুভেচ্ছা জানান এবং সভায় উপস্থিতির জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি সভায় বিলম্বে উপস্থিতির জন্য বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের প্রতি ক্ষোভ প্রকাশ করেন, সেই সাথে পরবর্তীতে এ ধরণের পরিস্থিতি যেন সৃষ্টি না হয় সে বিষয়ে সকলকে সতর্ক করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ কে সভা পরিচালনার জন্য সভাপতি কর্তৃক অনুরোধ জানানো হয়।

সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেন।তিনি প্রথমেই সভায় উপস্থিত কমিটির সম্মানিত উপদেষ্টা, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩ (তাড়াইল-করিমগঞ্জ), জনাব মোঃ মুজিবুল হক চুন্নু মহোদয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বিলম্বে উপস্থিত সদস্যবৃন্দের পরবর্তীতে যে কোন কার্যক্রমে যথাসময়ে উপস্থিতি নিশ্চিতে আহবান জানান। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সদস্যবৃন্দের নিকট সরবরাহকৃত কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না তা জানতে চান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপস্থিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সম্মানিত উপদেষ্টা মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কেসভার কার্যক্রমে অংশ নেয়ার জন্য আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসারের আহবানে সভার কার্যক্রমে অংশ নিয়ে তিনি প্রথমেই তাড়াইল উপজেলার নবাগত উপজেলা নির্বাহী অফিসারকে তার নির্বাচনী এলাকায় শুভেচ্ছা জানান এবং এ উপজেলার জনগণের উন্নয়নে নিরলসভাবে স্বচ্ছতা, দক্ষতা ও আন্তরিকতা বজায় রেখে নির্বিঘ্নে দায়িত্ব পালনের আহবান জানান। অতঃপর দপ্তর ওয়ারী বিভিন্ন দপ্তর প্রধানদের কর্মকান্ড সম্পর্কে আলোচনা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে আলোচনা :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় করোনা পরিস্থিতির উন্নতি ও টিকা কার্যক্রমের অগ্রগতি সভায় তুলে ধরেন। তিনি তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান।	সুষ্ঠুভাবে টিকা প্রদান কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইলকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তাড়াইল

০২। কৃষি বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০২	উপজেলা কৃষি অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে মাঠে আমন আবাদ চলমান রয়েছে। ইউরিয়া সার ডিলারদের নিকট পর্যাপ্ত মজুদ রয়েছে, তবে ডিএপি সার সংকট রয়েছে। সংকট নিরসনে ব্যবস্থা নেয়া হচ্ছে।	সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাড়াইলকে অনুরোধ করা হয় ।	উপজেলা কৃষি অফিসার, তাড়াইল

০৩.প্রাণিসম্পদ বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৩	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অফিসে বা বাহিরে নিয়মিত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। বর্তমানে এফ এম ডি, তরকা রোগের টিকা কার্যক্রম অব্যাহত আছে।	সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তাড়াইলকে অনুরোধ করা হয় ।	০১.উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তাড়াইল। ২.উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল।

০৪.স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	উপজেলা প্রকৌশলী তার বক্তব্যে জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি ২০২১-২২ অর্থ বছরে জিওবি মেনটেইন্যান্স এর আওতায় ৩ টি রাস্তা মেরামতের টেন্ডার করা হয়েছে। ঠিকাদার নির্বাচনের পরে দ্রুত কাজ শুরু হবে। এছাড়া বিভিন্ন প্রকল্পের আওতায় আরও ৬ টি রাস্তার উন্নয়ন কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার প্রসঙ্গক্রমে জানান উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও অফিস কক্ষ দ্রুত মেরামত ও সংস্কার করা প্রয়োজন। এছাড়া সহকারি কমিশনার (ভূমি) মহোদয়ের বাসভবন মেরামত ও রংকরণ প্রয়োজন বলে জানান। সম্মানিত উপদেষ্টা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়,	চলমান প্রকল্পগুলো দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও অফিস কক্ষের সংস্কার, মেরামত ও সৌন্দর্য বর্ধন কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। বাস ভবন ও টিটিডিসি ভবনের সামনের রাস্তা মেরামত ও সংস্কারের জন্য ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা বরাদ্দ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সহকারি কমিশনার (ভূমি) এর বাস ভবন মেরামতের জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস মেরামত ও সংস্করের জন্য ৫,০০,০০০/-	উপজেলা প্রকৌশলী

০৫.শিক্ষা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৫	উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান ১২/০৮/২১ খ্রি. হতে সঃপ্রাঃবিঃ তে প্রতিদিন ২ টি শ্রেণীতে পাঠ দান চলছে। স্কুলগুলোতে উপস্থিতি কম। দু'টি স্কুলের সীমানা সমস্যা রয়েছে। হাজীপুর ও নগরকূল সঃ প্রাঃ বিঃ র জমি নিচু থাকায় মাঠে পানি জমে থাকে শিক্ষার্থীদের দৈনন্দিন সমাবেশ খেলা ধূলা করতে সমস্যা হয়। এ উপজেলার বেশিরভাগ স্কুলগুলোতে যাতায়াত ব্যবস্থা অনুন্নত। তাড়াইল আদর্শ স্কুলের গেইটের সামনে দোকানপাট বসে এবং ময়লা আবর্জনা ফেলা হয় যা দৃষ্টি কটু। তিনি আলোচ্য বিষয়গুলো সমাধানে সভার সহযোগিতা কামনা করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয় এ উপজেলার স্কুলগুলো পরিদর্শন করে বিদ্যালয়গুলোর সার্বিক চিত্র পরিদর্শন ছকে উপস্থাপন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে নির্দেশ দেন। পরিদর্শন প্রতিদেন উপজেলা পরিষদে সরবরাহ করার জন্য নির্দেশ দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। আলোচ্য বিষয়গুলো সমাধানে সংশ্লিষ্ট দপ্তর সমূহকে অনুরোধ করা হয়। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী স্কুল গুলো পরিদর্শন করে প্রতিবেদন উপজেলা পরিষদে জমাদেয়ার জন্য শিক্ষা অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	১.সহকারি কমিশনার (ভূমি),তাড়াইল ২. উপজেলা প্রকৌশলী, তাড়াইল, ৩. অফিসার ইনচার্জ, তাড়াইল থানা ৪. উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল

০৬. মৎস্য বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৬	উপজেলা মৎস্য অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার দপ্তরে কোন সমস্যা নেই।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল

০৭.পরিবার পরিকল্পনা বিভাগ :

ক্রঃনং	আলোচ্য সূচী	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৭	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাড়াইল।

০৮.যুব উন্নয়ন বিভাগ

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৮	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যুব উন্নয়ন অধিদপ্তর হতে ৫০ শতক জমি চাওয়া হয়েছে। উপজেলায় নিজস্ব অফিস ভবন নির্মাণের জন্য যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে অধিদপ্তর কর্তৃক জমি গ্রহণ করবে। এ বিষয়ে তিনি সভার সহযোগিতা কামনা করেন। তিনি তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান।	উপজেলা পরিষদ কমপ্লেক্স যেহেতু নির্মাণ প্রক্রিয়াধীন রয়েছে। সেহেতু কমপ্লেক্স ভবন নির্মাণের পর যুব উন্নয়ন অফিস ভবনের জমির বিষয়টি বিবেচনা করার ও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল।

০৯.পল্লী উন্নয়ন বিভাগঃ

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৯	তিনি সভার সহযোগিতা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের নিয়ন্ত্রণাধীন জোড়াবাড়ী কোয়ার্টারটি বসবাস অনুপযোগী হয়ে গেছে, দ্রুত মেরামত করা প্রয়োজন। জোড়াবাড়ীর আয়ের একটি অংশ উপজেলা পরিষদ তহবিলে জমা হয়। জমাকৃত অর্থ হতে মেরামতের আহবান জানান। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে, কোন সমস্যা নেই।	জোড়াবাড়ী কোয়ার্টারের আয়ের উপজেলা পরিষদে জমাকৃত অর্থে মেরামত সম্ভব নয় বিধায় বিষয়টি পরবর্তীতে বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল

১০.সমবায় বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১০	উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, তাড়াইল

১১.প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১১	১. ২০২১-২০২২ অর্থ বছরের ১ম পর্যায়ের বরাদ্দ দেয়া হয়েছিল। বরাদ্দ অনুযায়ী ইউপি চেয়ারম্যানদের নিকট হতে তালিকা পাওয়া গেছে। যাচাই বাছাই করে প্রকল্পের তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হবে। ২. তিনি তার অফিস কক্ষ সংলগ্ন একটি ওয়াসরুম নির্মাণের জন্য [illegible]	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। ওয়াসরুম নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	১.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল ২. উপজেলা প্রকৌশলী, তাড়াইল

[illegible]া বিষয়ক বিভাগ :

[illegible]ঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১২	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান আইজিএ(ইনকাম জেনারেটিং এক্টিভিটি)র আওতায় ২টি ট্রেডে প্রশিক্ষণার্থী বাছাই করা হয়েছে। ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং ট্রেডে ১২তম ব্যাচের প্রশিক্ষণ চলছে। ভিজিডি র চাল বিতরণের ডি ও যথাসময়ে দেয়া হলেও সময়মত ইউনিয়ন পরিষদ চাল উত্তোলণ করেনি। প্রতি মাসের চাল প্রতি মাসে উত্তোলণ ও বিতরণের জন্য ইউনিয়নপরিষদকে অনুরোধ করা হয়। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোন সমস্যা নেই।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও তাড়াইল উপজেলা ইউ পি(সকল)

১৩.জনস্বাস্থ্য বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৩	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,তাড়াইল।

১৪.মাধ্যমিক শিক্ষা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৪	মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনাকালীন দীর্ঘ বন্ধের পর বিগত ১২/০৯/২১ হতে রাষ্ট্রীয় নির্দেশনা মতে বিদ্যালয় শ্রেণী পাঠদান কর্যক্রম আংশিক সচল হয়েছে। এ উপজেলায় শিক্ষক শিক্ষার্থীদের মধ্যে নতুন করে কেহ করোনায় আক্রান্ত হয়নি। পর্যায়ক্রমে শ্রেণী পাঠদান কার্যক্রম স্বাভাবিক করা হবে। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদন ও দীর্ঘ বন্ধের পর বিদ্যালয় খুলা হলেও বন্ধ কালীন ক্ষতি পুষিয়ে নিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল

১৫.পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৫	আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।	বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, তাড়াইল।

১৬.উপজেলা সমাজসেবা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৬	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে । শতভাগ বয়স্কভাতা ও বিধবা ভাতার জন্য অনলাইন আবেদন ৬১৭৩ টি জমা পরেছে। এমপি মহোদয় পিতা মাতার ভরন পোষণ আইন বাস্তবায়নের জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। মুক্তি যোদ্ধাদের বকেয়া ভাতার বিষয়ে আবেদন প্রেরণ করা হয়েছে।	চলতি অর্থ বছরে বয়স্ক ভাতার ৩০১৯ টি আবেদন অনুমোদন হয়েছে বিধবা ভাতার ৩১৭৩ টির মধ্যে ২০১৯ টির বিপরীতে বরাদ্দ প্রদান করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করার বিষয়ে সভার পক্ষ হতে নির্দেশ দেয়া হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াইল

১৭.বিবিধ আলোচনা :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৭	উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির উপদেষ্টা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠ ও নিরপেক্ষ করার জন্য তিনি তার অবস্থান থেকে সর্বাত্বক সহযোগিতা করবেন। দল মতের উর্দ্ধে থেকে স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে নির্বাচন পরিচালনার জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার উপদেষ্টা মহোদয়কে অবহিত করেন যে, থানা রোড হতে উত্তর দিকে হাজী গোলাম হোসেন বালিকা বিদ্যালয় পর্যন্ত এবং থানা রোড হতে হাসপাতাল হয়ে পুরাতন বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তাটির অবৈধ দোকান সরানো এবং অটো, টেম্পু, রিক্সা, জ্যাম নিয়ন্ত্রণ করা প্রয়োজন।	আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাদ সুষ্ঠ ও নিরপেক্ষ ভাবে সম্পন্ন করার বিষয়টি সভায় অনুমোদিত হয়। যানজট নিরসনের বিষয়টি চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সমন্বয় করে সমাধানের বিষয়টি সভায় গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জহিরুল ইসলাম ভুঞা)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২১- ৬৬৫ তারিখ : ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

০১. জনাব মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩

০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. কমিশনার, ঢাকা বিভাগ ঢাকা।

০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।

০৬. ভাইস চেয়ারম্যান (উভয়), উপজেলা পরিষদ, তাড়াইল,কিশোরগঞ্জ।

০৭. উপজেলা...কর্মকর্তা, তাড়াইল,কিশোরগঞ্জ এবং সদস্য উপজেলা পরিষদ।

০৮. ইউপি চেয়ারম্যান (সকল), তাড়াইল,কিশোরগঞ্জ এবং সদস্য উপজেলা পরিষদ।

০৯. জনাব...তাড়াইল, কিশোরগঞ্জ।

১০. অফিস কপি।

৩০/৯/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ